দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 2 FEB 2017 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

# ইউজিসি চেয়ারম্যানের রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরিদর্শন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান মঙ্গলবার রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস পরিদর্শন করেছেন। রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. প্রদানেন্দু বিকাশ চাকমা এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ ইউজিসি চেয়ারম্যানকে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী কার্যালয়ে অভ্যর্থনা জানান। বিশ্ববিদ্যালয়টি ২০১৫ সালের নবেম্বরে শিক্ষা কার্যক্রম শুরু করে, যা শাহ্ বহুমুখী উচ্চ বিদ্যালয়ের একটি অংশে অবস্থিত। বিশ্ববিদ্যালয়টির দু'টি বিভাগে (ব্যবস্থাপনা ও কম্পিউটার বিজ্ঞান বিভাগ) বর্তমানে ৮ জন শিক্ষক এবং প্রায় ২০০ জন শিক্ষার্থী রয়েছেন। ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ের জন্য স্থানীয় ভূমি মালিকদের কাছ থেকে সরকার ৬৪ একর জমি অধিগ্রহণ করেছে। অধ্যাপক মান্নান রাঙ্গামাটি জেলার স্থানীয় নেতৃবৃন্দ, জেলা প্রশাসকসহ প্রশাসনের উচ্চপদস্থ কর্মকর্তা, বাংলাদেশ সেনাবাহিনীর স্থানীয় ব্রিগেড কমান্ডার এবং পুলিশ সুপারিনটেনডেন্টের সঙ্গে সাক্ষাত করেন। এ সময় তিনি রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে একটি শ্রেষ্ঠ বিদ্যাপীঠ (সেন্টার অব এক্সিলেন্স) হিসেবে গড়ে তোলার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। -বিজ্ঞপ্তি